

জলপাইগুড়ি ওয়েলফেয়ার অর্গানাইজেশন দীর্ঘ প্রায় চার দশক ধরে মানব সেবায় স্বাস্থ্য, শিক্ষা, শিশু ও নারী অধিকার এবং প্রতিবন্ধী পুনর্বাসনে পরিষেবা দিয়ে আসছে। বর্তমান অতিমারীর কারণে বহু মানুষ ও প্রতিষ্ঠান কোভিড - ১৯এ আক্রান্ত অসহায় মানুষের পাশে বিভিন্নভাবে পরিষেবা দিয়ে আসছে। এই অতিমারীর কালেও জলপাইগুড়ি ওয়েলফেয়ার অর্গানাইজেশনের প্রতিটি পরিষেবা নিষ্ঠা ও দায়িত্ব সহকারে দেওয়া হচ্ছে। যেমন - কম মূল্যের ও প্রয়োজনে বিনামূল্যের ঔষধ, মল-মূত্র পরীক্ষা, ই, সি, জি, পরিষেবা, অ্যান্ডুলেন্স পরিষেবা, চাইল্ডলাইন পরিষেবা, শববাহী গাড়ীর পরিষেবা, অক্সিজেন পরিষেবা প্রমুখ।

উপরের দৈনন্দিন পরিষেবাগুলি ছাড়াও আজ থেকে জলপাইগুড়ি ওয়েলফেয়ার অর্গানাইজেশন অতিমারীর কারণে যারা আক্রান্ত তার এবং তাদের পরিবারের পাশে থাকার নতুন উদ্যোগ নিয়েছে। পরিবারের সদস্যদের দুপুর ও রাতের খাবারের প্রয়োজন হলে অথবা ঔষধের প্রয়োজন হলে নিম্নে উল্লেখিত ফোন নম্বরে যোগাযোগ করা হলে আমাদের স্বেচ্ছাসেবকেরা সম্পূর্ণ বিনামূল্যে (কোভিড - ১৯ সংক্রান্ত) বাড়ীতে গিয়ে এই পরিষেবা দিয়ে আসবে।

যোগাযোগের নম্বর -

৯৪৩৪৪৪৯৭৩৭ / ৭৩৬৩৮৬৪৯৭৪ / ৯৪৩৪২৪২১১৫ /  
৯৮৩২০৪৯৫৭৩

সবাই সুস্থ থাকুন, অযথা আতঙ্কিত হবেন না, সরকারী নির্দেশিকা মেনে চলুন অর্থাৎ বার বার সাবান দিয়ে হাত ধুয়ে নিন, মাস্ক ব্যবহার করুন এবং শারীরিক দরত্ব বজায় রাখুন। জ্বর, সর্দি কাশি, গলা ব্যাথা এবং শ্বাস কষ্ট হলে সময় নষ্ট না করে সরকারী হাসপাতালে যোগাযোগ করুন। ঔষধ এবং চিকিৎসা সংক্রান্ত বিষয়ে কালোবাজারী রোধ করুন এবং প্রত্যেকে সজাগ থাকুন।